# কিশোরগঞ্জ উপজেলা মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২৪ মার্চ, ২০২২
সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ১১,১৭৫ হেক্টর জমিতে বোরো ধান চাষ অর্জিত হয়েছে। বোরো ধান সহ গম, ভুট্টা, ও বিভিন্ন শাক-সবজির মাঠ স্বাভাবিক রয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কিশোরেগঞ্জ উপজেলায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচন পূর্বক একটি স্কেচ ম্যাপ প্রস্তুত করে প্রকল্প করে কার্যালয়ে অতি সত্বর প্রেরণের জন্য বলা হয়েছে। এমতাবস্থায় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিসের সন্নিকটে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হল। সার মজুদ সন্তোষজনক এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।নির্ধারিত ১২০০ শে বর্গফুট আয়তনের স্থান স্কেচ ম্যাপ করে দাখিল করার জন্য বলা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, সরকারের ঘোষনা অনুযায়ী ২৬ ফেব্রুয়ারি গণটিকা কাযক্রমে যাদের ১ম ডোজের টিকা প্রদান করা হয়েছিল তাদের আগামী ২৬ মার্চ ২য় ডোজের টিকা প্রদান করা হবে। এছাড়াও যারা এখন পযন্ত ২য় ডোজ গ্রহণ করতে পারে নাই তাদের আগামী ২৬ মার্চ থেকে ৩০ মার্চের মধ্যে ২য় ডোজের টিকা গ্রহণ করতে হবে। হাসপাতালে কিছু নতুন চিকিৎসক যোগদান করেছেন। তাদের কর্মক্ষেত্রে তৈরী করতে এবং এক্সরে, আলট্রাসনোগ্রাম এবং অপারেশন থিয়েটারের (সিজারিয়ান সেকশন) কাযক্রম অব্যহত রাখতে স্বাস্থ্য খাতে যে (১০%) বাজেট রয়েছে সেই বরাদ্দকে কাজ লাগাতে পারলে হাসপাতালের সার্বিক স্বাস্থ্য সেবা কাযক্রম অক্ষুন্ন রাখা সম্ভব হবে। এছাড়াও হাসপাতালের নিরাপত্তার জন্য সিসি টিভির (ক্যামেরা) আওতায় নিয়ে আসা প্রয়োজন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১ম, ২য়,৩য় কিস্তি ৭২,৬৬,০০০/- থোক বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রকল্প প্রস্তাব অত্র উপজেলার ০৯ টি ইউনিয়নের পাওয়া গেছে। যাচাই বাছাই কমিটির সভা ২৩/০৩/২২ হয় প্রকল্পসমূহ পরিশিষ্ট –খ তে দেখানো হলো। ধাইজান সঃপ্রাঃবিদ্যালয়ে ভবন এর কাজ শুরু হয় নাই । ভবন নির্মাণ দুরাকুঠি -২ ও উত্তর দুরাকুঠি-২ সঃপ্রাঃবিদ্যালয়ে এখনও ঠিকাদার কাজ শুরু করে নাই। মাগুড়া পীর ফকির পাড়া সঃপ্রাঃবিদ্যালয়ে কাজ শুরু হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে (এডিপির) বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ করা হবে। ঠিকাদারী প্রতিষ্ঠানকে তাগিদ পত্র প্রেরণ করা হোক। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক উঠান বৈঠক, কৃত্রিম প্রজনন, খামারি প্রশিক্ষণ, ঘাস উৎপাদন,গবাদি প্রাণীর চিকিৎসা কার্যক্রম চলমান রয়েছে। গবাদি প্রানির চিকিৎসা ও সেবার পাশাপাশি অত্র দপ্তরের টিকা ও ভ্যাক্সিনেসন প্রোগ্রাম চলমান আছে। বর্তমানে এপিএ লক্ষ্যমাত্রার আওতায় কৃত্রিম প্রজনন সম্প্রাসরন গবাদি দেশী,হাঁস-মুরগীর টিকা প্রদান নমুনা সংগ্রহ, উঠান বৈঠক, ডিজিজ সার্ভিলেন্স ফ্রি মেডিকেল ক্যাম্প,স্থায়ী ঘাস চাষ সম্প্রাসরণ বিশেষভাবে অর্জিত হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সুসম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা মৎস্য অফিসের অফিসার কিংবা পক্ষে কোন প্রতিনিধি উপস্থিত নাই। নিয়মিত মিটিং এ উপস্থিত হওয়ার জন্য। পরবর্তী মিটিং এ উপস্থিত না হলো বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | মিটিং উপস্থিত হওয়ার জন্য বলা হয়। অনুউপস্থিত হলো বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের ইবতেদায়ী দাখিল পর্যায়ের শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক ১০০% বিতরণ সম্ভব হয়েছে। মাধ্যমিক বিদ্যালয় গুলোর ২২,৩২৫ টি বই এখনও পাওয়া যায় নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে। গত ১৫/০৩/২০২২ খ্রিঃ শিক্ষা প্রতিস্ঠান গুলোর শ্রেণী পাঠদান কাযক্রম পুরোদমে চলছে। প্রতিষ্ঠানে উপস্থি ত শিক্ষার্থীদের ২য় ডোজ ভ্যাকসিন দেওয়া হয়েছে। ভ্যাকসিনের বিষয়ে সহ সহ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ নিশ্চিত করেছেন। চাঁদখানা বুড়িরহাট দাখিল মাদ্রাসায় নিয়োগ সংক্রান্ত জটিলতা রয়েছে।দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন টিকা কাযক্রম ব্যাহত রাখতে হবে। চাঁদখানা বুড়িরহাট দাখিল মাদ্রাসার সমস্যা সমাধানে দ্রুত নিস্পত্তি করা হোক। স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় টি আর (গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ কর্মসূচীর) ২য় পর্যায়ে বিভাজন করা হয়েছে। কিশোরগঞ্জ উপজেলায় অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজ চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতার অতিরিক্ত বরাদ্দের অনলাইন আবেদন এর সময় শেষ হয়েছে ২২/০৩/২০২২ খ্রিঃ। মোট আবেদন পড়েছে প্রায় ১০০০ টি আবেদন যাচাই বাচাই এর কাজ চলমান আছে। আরএসএস ঋণ কাযক্রম এর আওতায় ০৫টি দলকে ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ্য পঞ্চাশ) হাজার টাকা ঋণ প্রদান করা হয়। বাড়ী মধুপুর আশ্রয়ন প্রকল্পের ১,৯৫,০০০/- টাকা পুনঃ বিনিয়োগ করা হয়। আরএসএস ও আশ্রায়ন প্রকল্পে প্রায় ৬০০,০০০(ছয় লক্ষ্য) টাকা ঋণ আদায় করা হয়। প্রতিমাসে ২য় মঙ্গলবার প্রতিবন্ধী অনলাইন আবেদনের বিপরীতে কমপক্ষে ৫০ টি আবেদন যাচাই বাচাই করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সুসম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিগত ০২/০৩/২০২২ খ্রিঃ তারিখে থেকে প্রাথমিক সরকারী বিদ্যালয়ে পাঠদান কাযক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে প্রাক প্রাথমিকের পাঠদান শুরু হয়েছে সপ্তাহে দুদিন। রোববার ও মঙ্গলবার। বিদ্যালয় পরিদর্শন কাযক্রম চলমান আছে। ওয়াশ ব্লক ডোংগা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কাজ বন্ধ রয়েছে। সিংগেরগাড়ী সঃপ্রাঃবিদ্যালয়ে কাজ চলছে। ধাইজান সঃপ্রাঃবিদ্যালয়ে ভবন এর কাজ শুরু হয় নাই । ভবন নির্মাণ দুরাকুঠি -২ ও উত্তর দুরাকুঠি-২ সঃপ্রাঃবিদ্যালয়ে এখনও ঠিকাদার কাজ শুরু করে নাই। মাগুড়া পীর ফকির পাড়া সঃপ্রাঃবিদ্যালয়ে কাজ শুরু হয়েছে। এছাড়া শিক্ষা অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে পাঠদান করার নির্দেশনা। উপজেলা প্রকৌশলী কে স্কুলে বিল্ডিং এর কাজ বন্ধ হওয়ার বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে স্কুলে ওয়াশব্লক এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান যে, ফ্রেবুয়ারি/২০২২ মাসে এ উপজেলা নিম্নোক্ত তথ্য সভায় উপস্থাপন করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা-৫৪৭২০ জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩,৭৮৬ জন। সিএআর ৮০.০২% মোটগর্ভবতী মায়ের -১৭৪২ জনকে। প্রাতিষ্ঠানিক (ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র) ডেলিভারীর সংখ্যা ১৪৭ জন। চলতি মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা মহিলা ৫ জন। দীর্ঘ মেয়াদী (অস্থায়ী) পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা ইমপ্ল্যান্ট ৫৯ জন, আই ইউ ডি-২২ জন। অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা বড়ি ২১৪৫ চক্র,কনডম ৫১৬২ পিস, ইনজেকশন ১৪৫১ ভায়েল। সাধারণ রোগী সেবা ২৮২৯ জন। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সরকারী টার্গেট মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১১ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। ভিজিডি কাযক্রমে আওতায় মার্চ/২২ মাসে ০৭ টি ইউনিয়নের বিতরণ সম্পন্ন হয়েছে। বাকী ০২ টি ইউনিয়নের চেয়ারম্যানদের এই মাসেই বিতরণ করার জন্য অনুরোধ জানানো হয়। প্রশিক্ষণ কাযক্রমের আওতায় ০৩ টি ট্রেডে আবেদন প্রক্রিয়া চলমান রয়েছে (এপ্রিল/২২-জুন/২২ ব্যাচ) আগামী ২৭/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টায় প্রার্থীদের সাক্ষাতকার অনুষ্ঠিত হবে। কিশোর কিশোরী ক্লাব এর কাযক্রমের আওতায় ০৯ টি ক্লাবের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১২ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম বিধিমোতাবেক সুষ্টুভাবে চলমান আছে। চলমান মাসে আরও ৬০ জন প্রান্তিক বেকার যুবক ও যুবনারীকে দক্ষতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ দেয়া হয়। তৃর্ণমুল পর্যায়ে যুবদের পারিবারিক ভাবে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত হওয়ার নিমিত্তে চলতিমাসে ৪০ জন যুবক ও যুবনারীর মাঝে ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। যুবদের প্রকল্প বাস্তবায়ন ও সম্প্রসারনের নিমিত্তে ৪জন যুবক ও যুবনারীর মাঝে ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। যুবঋণ আদায়সহ অন্যান্য কার্যক্রম চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে ২৩৪ টি অগভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ উপজেলা ওয়াটর্সেন কমিটি কর্তৃক বিভাজন কাজ সম্পন্ন হয়েছে এবং স্থান নির্বাচনের কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় বিভাগের আওতায় ০২ টি কেন্দ্রীয় সমিতি এবং ৭৯ টি প্রাথমিক সমিতি রয়েছে মার্চ/২২ মাসে প্রাথমিক সমিতি সমূহ ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা শেয়ার ও ৫৬,০০০/-(ছাপান্ন হাজার) টাকা সঞ্চয় সংগ্রহ করে মূলধন গঠন করছে এবং আর্থসামাজিক উন্নয়নে চেষ্টা অব্যাহত রয়েছে। মার্চ/২২ পযন্ত ৭৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষন, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট রংপুরে ১৫ জন এবং জেলা সমবায় কার্যালয়ের আওতায়ধীন ২৫ জন সমবায়ীকে সেলাই প্রশিক্ষণ সহ কোট বাড়ী কুমিল্লায় ১০ জনকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অফিস কক্ষে টয়লেট নির্মাণ গত সেপ্টেম্বর/২১ মাসে অনুমোদিত হয় সে মোতাবেক বাস্তবায়ন হবে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। অফিস কক্ষে টয়লেট নির্মাণে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র প্রান্তীক দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে আনুষ্ঠানিক ও আনুষ্ঠানিক দল সমিতির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠনে কাজ হচ্ছে। প্রশিক্ষণ আয়বর্ধনমূলক কর্মকান্ড দিয়ে থাকে। কৃষি উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করা। সর্বোপরি ঋণ সহায়তা প্রদান করা। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পূন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থবছরে ঋণ বিতরণ মোট ৪৬,৬৮ লক্ষ টাকা। ঋণ আদায় ৪৪.০২ লক্ষ টাকা। সরকারী খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়গণের সহায়তা কামনা করছি । বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ১৬ | তথ্য আপা | উপজেলা তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় তথ্য কেন্দ্র, কিশোরগঞ্জ নীলফামারী সভায় জানান যে, এ মাসে ০৪ টি উঠান বৈঠকের মধ্য ০১ টি বিশেষ উঠান বৈঠক ০৩ সাধারণ উঠান বৈঠকচলমান আছে। তার দপ্তরের সকল কার্যক্রম সরকারী নীতিমালার আলোকে সুষ্ঠুভাবে চলছে অন্য কোন সমস্যা নাই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | উপজেলা তথ্য আপা প্রকল্প |
| ১৭ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি সভায় জানান যে, তাই অফিস কক্ষ সংকট সমাধানে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | অফিস কক্ষ সংকট সমাধানে ব্যবস্থা নেয়া হবে। সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |
| ১৮ | সামাজিক বনায়ন | উপজেলা ফরেষ্টার এর পক্ষে সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় ০৩ নং নিতাই ইউনিয়নে 87T ক্যানেলের নিতাই সাইফুন হইতে আমিনুর মুক্তিযোদ্ধার বাড়ী পযন্ত ৮.০০ মিডলিং কিলোমিটার বাগানে ২০-২১ সনের বিধিমোতাবেক কর্তণ করা হয় । মোট বিত্রয় মূল্যে ৬,৯২,৪০০/- উপকার ভোগীর লাভ্য অংশ ৫৫% ৩,৮০,৮২০/- ভুমি মালিক সংস্থা (পানি উন্নয়ন বোর্ড) ২০% ১,৩৮,৪৮০/- ইউনিয়ন পরিষদের ৫% ৩৪,৬২০/- ট্রির ফামিং ফান্ড ( টি.এফ.এফ) ১০% ৬৯,২৪০/- মোঠ রাজস্ব ১০% ৬৯,২৪০/- মোট উপকার ভোগী সংখ্যা ৮০ জন এর মধ্যে ৫৯ জন উপকার ভোগীর চেক ইস্যু করা হয়েছে ও চেক বিতরণ করা হয়েছে। ইউনিয়ন পরিষদের চেক ইস্যু করা হয়েছে এবং ভুমি মালিক সংস্থা চেক ইস্যু করা হইছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | পাট অফিস | উপজেলা পাট উপ-সহকারী সভায় জানান যে, তালিকা ভুক্ত চাষীদের মাঝে পাট বীজ বিতরণের কাজ চলমান আছে। তালিকা ভুক্ত চাষীদের মাঝে ১২ কেজি করে সার পাবে। ২১-২২ অর্থবছরের বিএডিসি কর্তৃক ২৩৬০ কেজি পাট বীজ ক্রয় করা হয়েছে। যাহা অধিদপ্তর ঢাকা কর্তৃক ক্রয় এবং নাবি পাট বীজ চাষীদের হতে ৬৪০ কেজি বীজ ক্রয় করা হয় যার প্রতি কেজি বীজের মূল্যে ২২০ টাকা নিধারিত। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২০ | খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য পরিদর্শক সভায় জানান যে, নিয়মিত কার্যক্রমের পাশাপাশি সরকারের ইউনিয়ন পর্যায়ে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইজ কার্যক্রমের প্রথম প্রাপ্তিকের চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। ভিজিডি কাযক্রমের ৩৪৪৭ জন ভোক্তার মাঝে চাল বিতরণের জন্য ০৯ জন ইউপি চেয়ারম্যান তাদের বরাদ্দকৃত চাল গুদাম হতে উত্তোলন করেছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা বাস্তবায়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২১ | পল্লী দারিদ্র বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র প্রান্তিক জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নে প্রনোদনা ঋণ কর্মসূচীর মাধ্যমে প্রণোদনা ঋণ প্রদান ৪৫.০০, নারী উদ্যোক্তা ঋণ প্রদান ৪৫.৫০ টাকা, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান ৬৩.২০ টাকা, গ্রামীণ জনগোষ্ঠীর কৃষি উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান ১৮০.৩০। আদায়ের হার সন্তোষজনক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২২ | পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার পক্ষে (ভাঃপ্রাঃ) সভায় জানান যে, কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কিন্তু ৫ জন কর্মচারী বসা এবং মালামাল রাখা সম্ভব হচ্ছে না আসন্ন অথবা জুন মাসে জনশুমারি অনুষ্ঠিত হবে। উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে রুম বরাদ্দের জন্য আবেদন করছি। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় বাবদ ৭,২০০/-(সাত হাজার দুইশত) টাকা ব্যয় হয়েছে। ৫নং বাসার ল্যাট্রিননের সেপটি ট্যাংকির সংযোগ ২৪,৫০০/(চব্বিশ হাজার পাঁচশত) টকা। ৬/এ নং বাসার লেট্রিনের সেপটি ট্যাংকির সংযোগ ২৪,৮০০/(চব্বিশ হাজার আটশত) হলরুমের দরজা মেরামত ব্যয় ৫১৮০/-(পাঁচ হাজার একশত আশি) টাকা, অত্র অফিস কক্ষের লাইট ৩২০০/(তিন হাজার দুইশত) টাকা ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় ব্যয়সমূহ সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

২৪.০৩.২২

( শাহ্ মোঃ আবুল কালাম বারী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১- ৩১৮ তারিখঃ ২৪/০৩/২০২২খ্রিঃ।

সদয়-অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা .......................................... কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান .......................................... (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

২৪/০৩/২২

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

২৪/৩/22